শিক্ষা বিষয়ক শাখা
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ

ACADEMIC SECTION
BANGLADESH AGRICULTURAL UNIVERSITY
MYMENSINGH

Phone: 091-67401-6/2124, Fax: 880-91-66846, E-mail: aca@bau.edu.bd, Website: www. bau.edu.bd

নং-শা-১/ভ-০১/২০২৬/ ৫৬০ /শিক্ষা　　　　　　　　　　　　　　　　তারিখ: ০৭-০৬-২০২৬

# অপেক্ষমান তালিকা থেকে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের স্নাতক (লেভেল-১, সিমেস্টার-১) শ্রেণীতে অপেক্ষমান তালিকা (৫ম-৯ম) থেকে ভর্তির সুযোগ পাওয়া ছাত্র-ছাত্রীদেরকে -

১. আগামী **০৮ থেকে ১১ জুন ২০২৬ তারিখের** মধ্যে বাকৃবি ওয়েবসাইটে নিম্নের লিঙ্কে ক্লিক করার পর PIN এবং Roll দিয়ে Login করে প্রয়োজনীয় তথ্য প্রদান এবং স্বাক্ষর ও পাসপোর্ট সাইজের ছবি (JPG Format) আপলোড করতে হবে। আপলোড শেষ হলে স্বয়ংক্রিয়ভাবে (1) Admission form, (2) Registration form, (3) Medical form, (4) Certificate Checklist এবং (5) Pay slip তৈরী হবে যা ডাউনলোড করে A4 সাইজের অফসেট পেপারে প্রিন্ট করতে হবে এবং ভর্তির দিন জমা দিতে হবে।

Login করার লিঙ্ক: https://bau.edu.bd/ug_admission

২. অপেক্ষমান তালিকা (৫ম-৯ম) থেকে ভর্তির সুযোগ পাওয়া ছাত্র-ছাত্রীদেরকে আগামী **১০ ও ১১ জুন ২০২৬ তারিখের মধ্যে যে কোন দিন** সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টার মধ্যে নিম্নবর্ণিত স্থান সমূহে শুরু থেকে শেষ পর্যন্ত পর্যায়ক্রমে স্বশরিরে উপস্থিত থেকে ভর্তির কাজ সম্পন্ন করতে হবে। **উল্লেখ্য, যে সকল ছাত্র-ছাত্রী অন্যান্য বিশ্ববিদ্যালয় থেকে মাইগ্রেশন হয়ে বাকৃবি-তে এসেছে তাদেরকে বাকৃবি-তে উপস্থিত হওয়ার প্রয়োজন নাই। মাইগ্রেশন হয়ে বাকৃবি-তে আসা ছাত্র-ছাত্রীদের করণীয় সম্পর্কে পরবর্তিতে বাকৃবি ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রদান করা হবে।**

| ছাত্র-ছাত্রীদের রিপোর্টের স্থান | অফিস এবং কার্যক্রম |
|---|---|
| প্রশাসন ভবন সংলগ্ন আমতলা | বাঁধন: ব্লাড গ্রুপিং করে রিপোর্ট প্রদান। |
| হেল্‌থ কেয়ার সেন্টার | স্বাস্থ্য পরীক্ষা করে মেডিক্যাল ফরমে স্বাক্ষর প্রদান। |
| সংশ্লিষ্ট ডিন এবং ইনস্টিটিউট অফিস | কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান, কৃষি প্রকৌশল ও কারিগরি এবং আইআইএফএস অফিস: সংশ্লিষ্ট অনুষদের ডিন মহোদয়গণ এবং পরিচালক, আইআইএফএস মহোদয় মূল কাগজপত্র যাচাই করে ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন। |
| প্রক্টর অফিস | প্রক্টর অফিস: লটারির মাধ্যমে হল বন্টন করে প্রক্টর মহোদয় ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন। |
| সংশ্লিষ্ট হলের প্রভোস্ট অফিস | প্রভোস্ট অফিস: হলে ভর্তির কাজ সম্পন্ন করে প্রভোস্ট মহোদয় ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন। |
| শিক্ষা বিষয়ক শাখা (প্রশাসন ভবনের ২য় তলা) | শিক্ষা বিষয়ক শাখা: শিক্ষা বিষয়ক শাখা মূল কাগজপত্র গ্রহণের পর রেজিস্ট্রার মহোদয় ভর্তি ফরমে স্বাক্ষর প্রদান করবেন। |
| কোষাধ্যক্ষ কার্যালয় | কোষাধ্যক্ষ কার্যালয়: পে-স্লিপ গ্রহণ করে অর্ধেক অংশ ছাত্র-ছাত্রীকে ফেরত দিবেন। |
| পূবালী ব্যাংক বিশ্ববিদ্যালয় চত্তর শাখা: | পূবালী ব্যাংক, বিশ্ববিদ্যালয় চত্তর শাখা: ছাত্র-ছাত্রীদেরকে সঞ্চয়ী হিসাব খোলার ব্যবস্থা করবেন। |

৩. ভর্তির সময় প্রার্থীদেরকে -

(ক) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সাথে আনতে হবে।

(খ) ভর্তি ফর্মে ডীন, প্রক্টর, প্রভোস্ট মহোদয়ের স্বাক্ষর নিতে হবে। শিক্ষা বিষয়ক শাখায় নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিয়ে ভর্তি ফরমে রেজিস্ট্রার মহোদয়ের স্বাক্ষর গ্রহণ করতে হবে :

i. ভর্তি ফরম, রেজিষ্ট্রেশন ফরম, মেডিক্যাল ফরম, সার্টিফিকেট চেক লিষ্ট (২ কপি)।
ii. এসএসসি-র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল প্রশংসাপত্র।
iii. এইচএসসি-র এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল প্রশংসাপত্র।
iv. এক কপি পাসপোর্ট সাইজের ফটো।

CamScanner

(গ) সংরক্ষিত আসনের জন্য (উপরোল্লেখিত কাগজপত্র ছাড়াও) -

i. মুক্তিযোদ্ধার সন্তান কোটার প্রার্থীদেরকে পিতা-মাতার অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র ভর্তির সময় দেখাতে হবে এবং এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

ii. উপজাতি/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/পার্বত্য অঞ্চলের অ-উপজাতি কোটার প্রার্থীদের স্ব-স্ব জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের মূল কপি জমা দিতে হবে।

iii. প্রতিবন্ধী কোটার প্রার্থীদের প্রতিবন্ধী সংক্রান্ত প্রমানপত্রের ফটোকপি জমা দিতে হবে।

৪. **পূবালী ব্যাংক, বিশ্ববিদ্যালয় চত্ত্বর শাখায় সঞ্চয়ী হিসাব খোলার জন্য প্রয়োজন হবে :**

i. প্রার্থীর ২ (দুই) কপি এবং নমিনির ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ফটো।

ii. ৫০০/- (পাঁচ শত) টাকা নগদ।

iii. প্রার্থীর এবং নমিনির NID এর ফটোকপি। প্রার্থীর NID না থাকলে SSC এর Registration Card এবং Birth Certificate এর ফটোকপি।

❖ <u>সাধারণ নির্দেশনা ঃ</u>

➢ ফরম ও স্বাক্ষর কার্ডে সর্বত্র একই স্বাক্ষর প্রদান করতে হবে (পেন্সিলে টিক চিহ্ন দেয়া থাকবে)।

➢ পেন্সিলে কেটে দেয়া পৃষ্ঠা পূরণ করতে হবে না কিন্তু টিক চিহ্নিত জায়গায় স্বাক্ষর দিতে হবে।

➢ বর্তমান ঠিকানায় ভর্তিকৃত অনুষদের নাম লিখতে হবে।

সঠিকভাবে নিজের মোবাইল নম্বর এবং ই-মেইল এড্রেস লিখতে হবে। অন্য কারওটা ব্যবহার করা যাবে না।

৫. বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভর্তি ও আনুষাঙ্গিক ফি ৬,২১৪.০০ (ছয় হাজার দুইশত চৌদ্দ) টাকা। অনলাইনে ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করায় প্রার্থীদেরকে ভর্তির জন্য নগদ কোন অর্থ প্রদান করতে হবে না। **অনলাইনে প্রদানকৃত ১০,০০০/- (দশ হাজার) টাকা থেকে উক্ত ৬,২১৪.০০ (ছয় হাজার দুইশত চৌদ্দ) টাকা কর্তন করে অতিরিক্ত টাকা পরবর্তীতে ছাত্র-ছাত্রীদের পূবালী ব্যাংক এর একাউন্টে ফেরত প্রদান করা হবে। ফি গুলো নিম্নরূপ :**

➢ ভর্তি ফি ঃ ৫,১০৪.০০ টাকা (লেভেল-১, সিমেস্টার-১ এর সিমেস্টার ফি ১২০০/- সহ),

➢ স্বাস্থ্য পরীক্ষা ফি ঃ ১৩০.০০ টাকা,

➢ রেজিস্ট্রেশন ফি ঃ ১০০.০০ টাকা,

➢ হল সংক্রান্ত ফি ঃ ৮৮০.০০ টাকা।

৬. ওরিয়েন্টেশন এবং ক্লাশ শুরুর তারিখ পরবর্তিতে বাকৃবি ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৭. ভর্তি বাতিল সংক্রান্ত তথ্য ঃ

i. প্রদানকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট/প্রশংসাপত্র/মুক্তিযোদ্ধার সনদপত্র/প্রত্যয়নপত্র ভুল প্রমানিত হলে ভর্তি বাতিল হবে।

ii. ক্লাশ শুরুর প্রথম ১৫ দিন ক্লাশ না করলে এবং ৬০% ক্লাস উপস্থিতিসহ সকল কোর্সে ক্লাস টেস্ট পরীক্ষায় অংশগ্রহণ না করলে ভর্তি বাতিল হবে।

iii. ভর্তি বাতিল হলে বা করলে ভর্তি বাতিল ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে

রেজিস্ট্রার

CamScanner